আলমডাঙ্গায় কলেজিয়েট স্কুলের বৃত্তিপ্রাপ্ত শিক্ষার্থীদের পুরস্কার প্রাদান

আলমডাঙ্গা কলেজিয়েট স্কুলের অভিভাবক সমাবেশ ও বৃত্তিপ্রাপ্ত শিক্ষার্থীদের পুরস্কার প্রাদান করা হয়েছে।

গতকাল সকাল সাড়ে ১০ টার দিকে আলমডাঙ্গা সরকারি কলেজের হলরুমে সমাবেশে সভাপতিত্ব করেন আলমডাঙ্গা সরকারি কলেজের ভারপ্রাপ্ত অধ্যক্ষ কৃষিবিদ গোলাম সরোয়ার।

প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন আলমডাঙ্গা উপজেলা চেয়ারম্যান আইয়ুব হোসেন। তিনি বলেন শিক্ষা জাতীর মেরুদন্ড। শিক্ষা অর্জন ছাড়া কোন জাতী অগ্রসর হতে পারে না। যে জাতি যত শিক্ষিত সে জাতী ততো উন্নত।

শিক্ষার্থীদের অভিভাবকদের উদ্দেশ্যে বলেন শুধু মাত্র জিপিএ-৫ পাওয়ার জন্য লেখাপড়া করলে হবে না, তোমাদের সত্যিকারের সুশিক্ষায় শিক্ষিত হতে হবে। স্বাধীনতার ৪৮ বছর পার হয়ে গেছে, জাতীর জনক বঙ্গবন্ধু সে স্বপ্ন দেখেছিল, সোনার বাংলা গড়ার, সেই সোনার বাংলার কারিগরের দায়িত্ব তোমাদের নিতে হবে।

সভায় বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ভাইস চেয়ারম্যান অ্যাড. সালমুন আহম্মদ ডন, মহিলা ভাইস চেয়ারম্যান কাজী মারজাহান নিতু, থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা সৈয়দ আশিকুর রহমান, সাবেক ইউপি চেয়ারম্যান আব্দুল ওহাব, মুক্তিযোদ্ধা আলহাজ্ব শেখ নুর মহাম্মদ জকু, বনিক সমিতির সভাপতি আলহাজ্ব মকবুল হোসেন, সম্পাদক আলহাজ¦ মীর শফিকুল ইসলাম।

উপাধ্যক্ষ শামিম রেজার উপস্থানায় স্বাগত বক্তব্য রাখেন কলেজিয়েট স্কুলের অধ্যক্ষ জামসিদুল হক মুনি, অন্যদের মধ্যে উপস্থিত ছিল, প্রেসক্লাবের সভাপতি খন্দকার শাহ আলম মন্টু, সম্পাদক মুক্তিযোদ্ধা হামিদুল ইসলাম আজম, অভিভাবক মৎস কর্মকর্তা খন্দকার শহিদুর রহমান, সংগীত শিল্পি আতিক বিশ্বাসপ্রমুখ।

সভায় ২৩ জন বৃত্তি প্রাপ্ত শিক্ষার্থীদের পুরস্কার প্রদান করা

হয়। অনুষ্টান শেষে মনজ্ঞ সাংস্কৃতিক অনুষ্টানের আয়োজন করা হয়।

- আলমডাঙ্গা প্রতিনিধি

দর্শনায় ফেনসিডিলসহ এক মহিলা গ্রেফতার

দর্শনা পুলিশ মাদক বিরোধী অভিযান চালিয়ে রুদ্ধ নগর গ্রামের রিনা বেগমকে ৬ বোতল ফেনসিডিল সহ গ্রেফতার করেছে।

পুলিশ সুত্রে জানা গেছে গতকাল শুক্রবার বেলা সাড়ে ১২ টার দিকে দর্শনা পুলিশ তদন্ত কেন্দ্রের ইনচার্জ শেখ মাহবুবুর রহমানের নেতৃত্বে অভিযান চালায় গোপালখালি ব্রীজের উপর।

এ সময় দর্শনা তদন্ত কেন্দ্রের এ এস আই রকিব গোপন সংবাদের ভিত্তিতে অভিযান চালায় দামুড়হুদা থানার রুদ্ধ নগর গ্রামের আজাদুলের স্রী রিনা বেগম (৪৫) কে দেহ তল্লাশি করে ৬ বোতল ফেনসিডিল সহ আটক করে।

গতকালই তার বিরুদ্ধে দামুড়হুদা মডেল থানায় মামলাসহ সোপর্দ করেছে।

- দর্শনা প্রতিনিধি

জঙ্গি হামলায় নিহত বিচারকদের স্মরণে চুয়াডাঙ্গা জজশীপে

আলোচনা ও দোয়া অনুষ্ঠিত

২০০৫ সালে জঙ্গি হামলায় নিহত বিচারক জগন্নাথ পাঁড়ে ও বিচারক শহীদ সোহেল আহম্মেদের শাহাদৎ বার্ষিকী উপলক্ষে চুয়াডাঙ্গা জেলা জজশীপে আলোচনা সভা ও দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়েছে।

গতকাল বৃহস্পতিবার দুপুরে জেলা জজ আদালতের সম্মেলন কক্ষে এ আলোচনা সভা ও দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়।

শাহাদৎ বার্ষিকীর আলোচনা পর্বে সভাপতিত্ব করেন চুয়াডাঙ্গা জেলা ও দায়রা জজ মোহা. রবিউল ইসলাম।

এসময় উপস্থিত ছিলেন অতিরিক্ত জেলা ও দায়রা জজ এস.এম নুরুল ইসলাম, চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট মো. মিজানুর রহমান, যুগ্ম জেলা ও দায়রা জজ মো. কামাল হোসেন সিকদার, যুগ্ম জেলা ও দায়রা জজ নীলা কর্মকার, সিনিয়র সহকারী জজ ও জেলা লিগ্যাল এইড কর্মকর্তা মো. শামসুজ্জামান, সিনিয়র জুডিশিয়াল ম্যাজিস্ট্রেট মো. সাজেদুর রহমান, মানিক দাস, পাপিয়া নাগ, জুডিশিয়াল ম্যাজিস্ট্রেট ফারহা নোশীন বর্ণী, সহকারী জজ মো. আরমান হুসাইন, মোছা. নীলা খাতুন, পাবলিক প্রসিকিউটর (পিপি) অ্যাডভোকেট বেলাল হোসেন, গভার্নমেন্ট প্লিজার (জিপি) অ্যাডভোকেট খন্দকার নাসির উদ্দিন, আইনজীবী সমিতির সভাপতি অ্যাডভোকেট আব্দুর রশিদ মোল্লা, সাধারণ সম্পাদক অ্যাডভোকেট আবুল বাশারসহ জেলা জজশীপের সকল স্তরের কর্মকর্তা- কর্মচারীবৃন্দ।

- চুয়াডাঙ্গা প্রতিনিধি

আলমডাঙ্গায় আইন শৃঙ্খলা বিষয়ক সভা অনুষ্টিত

আলমডাঙ্গা উপজেলা প্রশাসন আয়োজিত আইন শৃঙ্খলা বিষয়ক বিশেষ সভা অনুষ্টিত হয়েছে।

গতকাল সকাল ১০ টারদিকে উপজেলা পরিষদ হলরুমে সভায় সভাপতিত্ব করেন আলমডাঙ্গা উপজেলা নির্বাহী অফিসার মো: লিটন আলী।

প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপজেলা চেয়ারম্যান আইয়ুব হোসেন। তিনি বলেন যে কোন সময়ের চেয়ে বর্তমানে আইন শৃঙ্খলা পরিস্থিতি ভাল। আসেন আমরা সকলে মিলে অন্যায় ও দুর্নিতির বিরুদ্ধে কাজ করি, সকলের উদ্যেশ্য আহবান জানান আসুন আমরা সকলে মাদকের বিরুদ্ধে কাজ করি, মাদকের সাথে কোন আপোষ নেই।

সভায় বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, উপজেলা ভাইস চেয়ারম্যান খন্দকার সালমুন আহম্মেদ ডন, মহিলা ভাইস চেয়ারম্যান কাজী মারজাহান নিতু, পৌর সভার মেয়র ও উপজেলা আওয়ামী লীগের সভাপতি হাসান কাদীর গনু, উপজেলা স্বাস্থ্য ও প.প. কর্মকর্তা ডা. হাদী জিয়াউদ্দিন আহম্মদ,

থানা অফিসার ইনচার্জের প্রতিনিধি এস আই জিয়াউর রহমান, সমাজসেবা অফিসার আফাজ উদ্দিনের উপস্থাপনায় অন্যদের মধ্যে বক্তব্য দেন, চুয়াডাঙ্গা চেয়ারম্যান সমিতির সভাপতি হারদী ইউপি চেয়ারম্যান নুরুল ইসলাম, কাউছার আহম্মদ বাবলু, অ্যাড. আব্দুল মালেক, আমিরুল ইসলাম মন্টু, লুৎফর রহমান,

নজরুল ইসলাম, নুরুল ইসলাম নুরু, আবুল কালাম আজাদ, আমিনুল ইসলাম রোকন, আবু সাইদ পিন্টু, সরকারি কলেজের ভারপ্রাপ্ত অধ্যক্ষ গোলাম সরোয়ার, প্রভাসক রফিকুল ইসলাম, প্রেসক্লাবের সভাপতি খন্দকার শাহ আলম মন্টু, সাধারণ সম্পাদক মুক্তিযোদ্ধা হামিদুল ইসলাম আজম, উপজেলা শিক্ষা অফিসার আব্দুল বারি, বাড়াদী ইউপি চেয়ারম্যান মাসুদ পারভেজ, ভিডিপি অফিসার রওশন আরা, পিআইও এনামুল হক, উপজেলা প্রশাসনিক কর্মকর্তা মাহতাব উদ্দিন প্রমুখ।

- আলমডাঙ্গা প্রতিনিধি

চুয়াডাঙ্গার দর্শনায় ট্রাক্টর-পাখিভ্যান সংঘর্ষে নিহত ১

চুয়াডাঙ্গার দর্শনা-জীবননগর সড়কে ট্রাক্টর-পাখিভ্যানের সংঘর্ষে মনোয়ার হোসেন ওরফে মনু (৩৪) নামের এক ভ্যানচালক নিহত হয়েছে।

গতকাল বৃহস্পতিবার রাত ৮ টার দিকে দামুড়হুদার দর্শনা ফিলিং স্টেশনের সামনে এই দুর্ঘটনা ঘটে। নিহত ভ্যানচালক মনোয়ার জীবননগর উপজেলার সিংনগর গ্রামের বড় মসজিদ পাড়ার রহমান মন্ডলের ওরফে পয়মালের ছেলে।

স্থানীয়রা জানায়, রাতে মনোয়ার তেল পাম্পের পাশে চায়ের দোকান থেকে তার ভ্যান নিয়ে রাস্তায় উঠার সময় চুয়াডাঙ্গা থেকে জীবননগর মুখি একটি ট্রাক্টরের সাথে ধাক্কা লাগে। এতে ঘটনাস্থলেই মারা যায় মনোয়ার। এসময় পথচারিরা ওই ট্রাক্টরকে থামালেও ঘাতক চালক আমজেদ পালিয়ে যায়।

পুলিশ জানিয়েছে, রাত ৮টার দিকে দামুড়হুদা গামী একটি ভ্যান দর্শনা ফিলিংস্টেশনের সামনে বালি ভর্তি ট্রাকটর ভ্যানটিকে চাপা দেয়। এ সময় ভ্যান চালক ঘটনাস্থলেই মারা যায়। লাশটি বেগমপুর ক্যাম্প ইনচার্জ এস আই রাজিব উদ্ধার করে চুয়াডাঙ্গা সদর হাসপাতাল মর্গে প্রেরণ করেছে।

এ ঘটনায় একটি মামলা হয়েছে বলে পুলিশ জানিয়েছে।

- চুয়াডাঙ্গা ও দর্শনা প্রতিনিধি

চুয়াডাঙ্গায় বাসের ধাক্কায় ভটভটিতে থাকা এক শিশু নিহত

চুয়াডাঙ্গা-ঝিনাইদহ সড়কের দশমাইল নামক স্থানে বাসের ধাক্কায় ভটভটিতে থাকা নানীর কোল থেকে ছিটকে পড়ে শোভন (৬) নামে এক শিশুর

মৃত্যু হয়েছে।

গতকাল বুধবার বেলা সাড়ে ১০টার এ দূর্ঘটনা ঘটে। নিহত শোভন সদর উপজেলার তিতুদহ ইউনিয়নের ছোটআড়িয়া গ্রামের খবির আলীর ছেলে।

চুয়াডাঙ্গা সদর থানার অফিসার ইনচার্জ (ওসি) আবু জিহাদ মো. ফকরুল আলম খান জানান, শিশু শোভন নানীর সাথে আলমসাধুযোগে (ভটভটি) পাশের নবীননগর গ্রামে যাচ্ছিলো। পথে দশমাইলে বাসের ধাক্কায় ভটভটি থেকে শিশু শোভন ছিটকে পড়ে।

দূর্ঘটনার পর তাকে উদ্ধার করে চুয়াডাঙ্গা সদর হাসপাতালে নেয়া হলে কর্তব্যরত চিকিৎসক ডা. এহসানুল হক তাকে মৃত ঘোষণা করেন।

- চুয়াডাঙ্গা প্রতিনিধি

আটকবর ক্লিনিক কসাই খানায় পরিনত : সিভিল সার্জনের হস্তক্ষেপ কামনা

চুয়াডাঙ্গা জেলার দামুড়হুদা উপজেলার আটকবর মোড়ে অবস্থিত আটকবর ক্লিনিক যেন কসাই খানায় পরিনত হয়েছে।

ক্লিনিকে সার্বক্ষনিক নিয়মিত কোন ডাক্তার না থাকলেও, ডিপ্লোমা কোন নার্স না থাকলেও কাগজে কলমে ঠিকই দেখানো হয় নিয়মিত ডাক্তার ও ডিপ্লোমা নার্সের তালিকা।

ক্লিনিক হিসাবে যে সব শর্ত প‚রন করা প্রয়োজন তার অধিকাংশ শর্ত প‚রনে ব্যার্থ ক্লিনিক কৃতপক্ষ।ক্লিনিকের প্রয়োজনীয় সব কাগজপত্র না থাকা সত্তেও ক্লিনিক খুলে বসে দেদারছে চলছে বিভিন্ন অপারেশন।

এ ক্লিনিকে অপারেশন করে ইউনিয়নের ঢোলমারী গ্রামের এক রোগী এখন মৃত্যুপথযাত্রী।নিজেদের রক্ষা করতে শেষ মেষ তার চিকিৎসার দায়িত্ব নিয়েছে ক্লিনিক কৃতপক্ষ। কিন্তু অসহায় রোগীটি দিনের পর দিন

তীব্র যন্ত্রনা ভোগ করে একের পর একের অপারেশন করে সুস্থ হবার মারনপন চেষ্টা করছে।জগন্নাথপুর গ্রামের বজলুর স্ত্রী ইয়াসমিন এই ক্লিনিক থেকে পিত্তথলির পাথর,জরায়ুর অপারেশন করে ।

একটু সুস্থ হলেও কিছুদিন পর তার রোগ তীব্র আকার ধারন করে তারপর তাকে নেওয়া হয় রাজশাহী মেডিকেল কলেজ হাসপাতালে। অবশেষ সে গতকাল বৃজস্পতিবার রাজশাহীতে মারা গেছে।

তবে এ বিষয়ে ক্লিনিক কৃতপক্ষ ভুক্তভোগী পরিবারের সাথে গোপনে মিমাংসা করায় শেষ পর্যন্ত মেয়ের বাবা আর ক্লিনিক মালিকের বিরুদ্ধে অভিযোগ তোলেননি।এ বিষয়ে জানতে ক্লিনিক মালিক তাজমুলের সাথে যোগাযোগের চেষ্টা করা হলে তাকে ক্লিনিকে পাওয়া যায়নি।

ক্লিনিক কৃতপক্ষের বিরুদ্ধে তদন্ত প‚র্বক ব্যাবস্থা নিতে চুয়াডাঙ্গা জেলা সিভিল সার্জনের আশু হস্তক্ষেপ কামনা করেছে এলাকাবাসী সহ সচেতন মহল

- কার্পাসডাঙ্গা প্রতিনিধি

নবম শ্রেনীর ছাত্রীকে নিয়ে লাপাত্তা ওসমান

চুয়াডাঙ্গা জেলার দামুড়হুদা উপজেলার নাটুদাহ ইউনিয়নের জগন্নাথপুর গ্রামের ইমদাদুল হকের ছেলে নাটুদাহ মাধ্যমিক বিদ্যালয়ের দশম শ্রেনীর ছাত্র ওসমানের বিরুদ্ধে একই বিদ্যালয়ের নবম শ্রেনীর এক শিক্ষার্থী চন্দ্রবাস গ্রামের মেয়েকে (মেয়েটির মানসম্মানের কারনে নাম পরিচয় গোপন করা হলো) ভাগিয়ে নিয়ে লাপাত্তা হবার অভিযোগ উঠেছে।গোপন সুত্রে জানা গেছে ওসমান একজন বখাটে প্রকৃতির ছেলে।

সে বিভিন্ন মেয়ের সাথে প্রেম করে বেড়াতো। হঠাৎ করে সে নাবালিকা মেয়েটিকে নিয়ে লাপাত্তা হয়েছে।নাম না প্রকাশ করার শর্তে জগন্নাথপুর গ্রামের অনেকে বলেন ছেলে মেয়ে উভয়েই নাবালক নাবালিকা তারা তো বিয়েও করতে পারবেনা।

মেয়েটিকে সে তো নিয়ে গিয়ে হয়তো নিয়মিত ধর্ষন করবে। তার কঠোর শাস্তি হওয়া দরকার।এ বিষয়ে মেয়ের পরিবার জানান আমরা মেয়ের কোন খোঁজ পাচ্ছিনা। ওসমান নিয়ে গেছে কি করবো ভেবে পাচ্ছিনা।

এ বিষয়ে তারা এখনো পর্যন্ত থানায় কোন অভিযোগ করেননি বলেও জানান।এ বিষয়ে ওসমানের পরিবার জানান আমার ছেলে মেয়েটিকে নিয়ে গেছে শুনেছি।কি করবো ভেবে পাচ্ছিনা।

- কার্পাসডাঙ্গা প্রতিনিধি

জীবননগরে বিজিবির অভিযানে ১৩৬ বোতল মদ আটক

জীবননগরে বিজিবির মাদক বিরোধী অভিযানে ১৩৬ বোতল ফেন্সিডিল আটক হয়েছে।

গতকাল মঙ্গলবার গোপন সংবাদের ভিত্তিতে ঝিনাইদহ বিজিবি-৫৮ অধিনস্থ জীবননগর উপজেলার সীমান্ত ইউনিয়নের মেদিনীপুর বিজিবির সদস্যরা মাদক বিরোধী বিশেষ অভিযান পরিচালনা করে মেদিনীপুর গ্রামের আম বাগানের মধ্য থেকে মালিকবিহীন অবস্থায় ১৩৬ বোতল ভারতীয় মদ আটক করে।

- জীবননগর প্রতিনিধি

আলমডাঙ্গা উপজেলার হারদী

ইউনিয়নের ৬ টি স্থগিত কমিটির নাম ঘোষণা

আলমডাঙ্গা উপজেলার হারদী ইউনিয়নের ৬টি স্থগিত কমিটির নাম ঘোষণা কল্পে উপজেলা আওয়ামী লীগ দলীয় কার্যালয়ে হারদী ইউনিয়ন নেতৃবৃন্দের উপস্থিতিতে ৬ টি ওয়ার্ড কমিটির সভাপতি, সম্পাদকের নাম ঘোষণা করেন হাসান কাদীর গনু।

গতকাল বেলা ১১ টার দিকে আলমডাঙ্গা উপজেলা আওয়ামী লীগের সভাপতি পৌর মেয়র হাসান কাদীর গনুর সভাপতিত্বে ও ভারপ্রাপ্ত সাধারন সম্পাদক ইয়াকুব আলীর পরিচালনায় অন্যদের মধ্যে উপস্থিত ছিলেন হারদী ইউনিয়ন আওয়ামী লীগের সভাপতি মুক্তিযোদ্ধা আব্দুস সামাদ, সম্পাদক আইনাল হক, উপজেলা আওয়ামী লীগের শিক্ষা ও মানব সম্পদ সম্পাদক আব্দুর রউফ শিলু, ইউনিয়ন সহ- সভাপতি আব্দুল হামিদ, মজিবর রহমান, সদস্য আশিকুজ্জামান ডাবলু প্রমুখ।

সভায় উপজেলা আওয়ামী লীগের সভাপতি হাসান কাদীর গনু ইউনিয়ন কমিটির সাথে আলোচনা করে সর্বসম্মতি ক্রমে ৩ নং ওয়ার্ডে আবু বক্কর কে সভাপতি, লিয়াকত আলী কে সম্পাদক করে ওয়ার্ড কমিটি, ৪ নং ওয়ার্ডে আব্দুল গাফ্ফার কে সভাপতি, শামশুল হক কে সম্পাদক করে ৪ নং ওয়ার্ড, ৫ নং ওয়ার্ডে তানসেন আলীকে সভাপতি, খন্দকার কবিরকে সম্পাদক করে ৫ নং ওয়ার্ড, ৬ নং ওয়ার্ডে আহাদ আলীকে সভাপতি, আবুল হোসেন কে সম্পাদক করে ৬ নং ওয়ার্ড, ৭ নং ওয়ার্ডে শুকুর আলীকে সভাপতি, মিজানুর রহমান মিন্টু ৭ নং ওয়ার্ড, ৮ নং ওয়ার্ডে শাহাবুলকে সভাপতি, ময়নুল হক কে সম্পাদক করে মোট ৬ টি ওয়ার্ড কমিটি ঘোষনা করেন উপজেলা আওয়ামী লীগের সভাপতি হাসান কাদীর গনু।

- আলমডাঙ্গা প্রতিনিধি